

# যুগ্মত্ব

## শেকৃবি নিরাপত্তারক্ষীকে সহকারী প্রষ্টরের হুমকি

👤 শেকৃবি প্রতিনিধি

⌚ ২৮ জুলাই ২০২১, ২২:৫৬:৪৩ | অনলাইন সংস্করণ



শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে (শেকৃবি) নিরাপত্তা শাখার এক আনসার সদস্যকে পা ভেঙে ফেলার হুমকি দেওয়ার অভিযোগ উঠেছে বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রষ্টর মো. রাকিবুর রহমানের (সেজান) বিরুদ্ধে। মঙ্গলবার রাতে এ ঘটনা ঘটে।

বুধবার এ ঘটনায় ক্যাম্পাসের অন্তর্বর্তীনতা ও আনসার লাঞ্ছনার প্রতিবাদ জানিয়ে রেজিস্ট্রার বরাবর লিখিত অভিযোগ দিয়েছেন আনসার কমান্ডার মো. মজিবুর রহমান।

অভিযোগে বলা হয়, ৪২ জন পি.সি/এ.পি.সি. ও আনসার সদস্য বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তায় নিয়োজিত আছেন। গতকাল মঙ্গলবার রাত ১০টার দিকে পাশের রুমে অফিসার্স ক্লাবের কার্টিকের কাছে বিস্কুট আনতে আনসার সদস্য মিজানুর রহমানকে পাঠাই।

ক্লাব রুমে যাওয়ার আগেই সামনে বসে থাকা সহকারী প্রষ্টর উক্ত আনসার সদস্যকে বলেন- এই তুই এদিকে আসছো কেন? তোর হাত-পা ভেঙে গুঁড়া করে দেব। উক্ত ঘটনা তখনই প্রষ্টর স্যারকে ফোনে জানাই। এতে সহকারী প্রষ্টর আরও ক্ষিপ্ত হয়ে দায়িত্বরত আনসার সদস্যদের সামনে মিজানুর রহমানকে মারতে উদ্যত হন।

লিখিত অভিযোগে আরও বলা হয়, অফিসার্স ক্লাবে প্রায়ই বহিরাগত নিয়ে জুয়া খেলা ও আড়াবাজি করা হয়। বহিরাগত লোকজন আসায় আমাদের অস্ত্রণ্ডলোর নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে। ইতোপূর্বে আনসার সদস্য কয়েকবার লাঢ়িত হয়েছে। তার কোনো প্রতিকার পাইনি। তাই জরুরিভিত্তিতে যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়।

অভিযুক্ত সহকারী প্রষ্টর মো. রাকিবুর রহমান বলেন, অভিযোগের বিষয়ে আমি কিছু জানি না। প্রষ্টরের সঙ্গে কথা বলেন।

এ বিষয়ে উপাচার্য অধ্যাপক ড. মো. শহীদুর রশীদ ভঁইয়া বলেন, আমি প্রষ্টরকে বিষয়টা জানিয়েছি। তিনি আলোচনা করে সমাধান করবেন।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯  
থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,  
ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও  
অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2021